

# 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫৪৪

৪৫/ দু'আসমূহ (ﷺ ১০০. আল্লাহ তা'আলা একশত রাহমাত সৃষ্টি করেছেন

باب خَلْقِ اللَّهِ مِائَّةَ رَحْمَةٍ

## আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي التَّلْجِ، \_ رَجُلٌ مِنْ أَهْلِ بَغْدَادَ أَبُو عَبْدِ اللَّهِ صَاحِبُ أَحْمَدَ بْنِ حَنْبَلٍ حَدَّثَنَا يُونُسُ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ زَرْبِيّ، عَنْ عَاصِمٍ الأَحْوَلِ، وَتَابِت، عَنْ أَنسٍ، قَالَ دَخَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم الْمَسْجِدَ وَرَجُلٌ قَدْ صَلَّى وَهُو وَتَابِت، عَنْ أَنسٍ، قَالَ دَخَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم الْمَسْجِدَ وَرَجُلٌ قَدْ صَلَّى وَهُو يَدْعُو وَيَقُولُ فِي دُعَائِهِ اللَّهُمَّ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ الْمَنَّانُ بَدِيعُ السَّمَوَاتِ وَالأَرْضِ ذَا الْجَلالِ وَالإِكْرَامِ. فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " تَدْرُونَ بِمَ دَعَا اللَّهَ دَعَا اللَّه بِاسْمِهِ وَالإَعْظَمِ الَّذِي إِذَا دُعِيَ بِهِ أَجَابَ وَإِذَا سُئِلَ بِهِ أَعْطَى " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ مِنْ خَيْرِ هَذَا الْوَجْهِ عَنْ أَنسٍ . وَقَدْ رُويَ مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ عَنْ أَنسٍ .

#### বাংলা

৩৫৪৪। আনাস (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে প্রবেশ করলেন, সে সময় এক লোক নামায আদায় করে দু'আ করছিল এবং সে তার দু'আয় বলছিলঃ "হে আল্লাহ! তুমি ছাড়া আর কোন মা'বূদ নেই, তুমি পরম অনুগ্রহকারী, আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টিকর্তা, অসীম ক্ষমতাবান ও মহাসম্মানিত।" নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা কি জানো আল্লাহ তা'আলার নিকট সে কিসের মাধ্যমে দুআ করেছে? সে আল্লাহ তা'আলার নিকটে তার মহান নাম এর মাধ্যমে দু'আ করেছে। যে নামে দুআ করা হলে তিনি তা কবুল করেন এবং ঐ নামের মাধ্যমে প্রার্থনা করা হলে তিনি দান করেন।

সহীহঃ ইবনু মাজাহ (৩৮৫৮)।

আবূ ঈসা বলেন, উপর্যুক্ত সনদে এ হাদীসটি গারীব। আনাস (রাযিঃ) হতে এ হাদীস অন্যসূত্রেও বর্ণিত হয়েছে।

# **English**



### Anas said that:

The Prophet (ﷺ) entered the Masjid and there was a man who had performed Salat and was supplicating. He was saying in his supplication: "O Allah, none has the right to be worshipped but Allah, You are the One Who gives blessings, Originator of the heavens and the earth, Possessor of glory and generosity (Allāhumma lā ilāha illā ant, al-Mannān, Badī`us-samāwāti wal-arḍ, Dhal-Jalāli wal Ikrām)." So the Prophet (ﷺ) said: "Do you know what he has supplicated Allah with? He has supplicated to Allah by His Greatest Name, the one which if He Is called upon by it, He responds, and when He is asked by it, He gives."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবন মালিক (রাঃ)

